ইউনিয়ন পরিষদ বাজেট অনুমোদন সভার কার্যবিবরণী
উপজেলাঃ বদরগঞ্জ, জেলাঃ রংপুর।

সভাপতি : মোস্তাক আহমেদ চৌধুরী
চেয়ারম্যান
১২নং কুতুবপুর ইউনিয়ন পরিষদ
বদরগঞ্জ, রংপুর।

সভার স্থান : ইউনিয়ন পরিষদ সভাকক্ষ।

সভার তারিখ : ৩০/০৫/২০২৩ খ্রিঃ সময়ঃ সকাল -১০.০০ ঘটিকা

আলোচ্য বিষয়ঃ ১। ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বাজেট উপস্থাপন।
২। ২০২৩-২০২৪ অর্থবছরের খসড়া বাজেট উপস্থাপন।
৩। খসড়া বাজেটের উপর উন্মুক্ত আলোচনা, পর্যালোচনা, প্রশ্নোত্তর ও মতামত গ্রহণ।
৪। বিবিধ।

সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষরিত তালিকা সংযুক্ত করা হলো।

অতঃপর আলোচনা সভার কাজ অত্র ১২নং কুতুবপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব মোস্তাক আহমেদ চৌধুরী সাহেবের সভাপতিত্বে আরম্ভ হলো। প্রথমেই সভার সভাপতি সাহেব তার শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন।

০১ ও ০২নং বিষয়ে ১২নং কুতুবপুর ইউনিয়ন পরিষদের সচিব মোঃ আশিকুর রহমান অত্র ইউপির ২০২২-২০২৩ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২৩-২০২৪ অর্থবছরের প্রস্তাবিত বাজেট উপস্থাপন করেন।

অতঃপর সভায় উপস্থিত বিভিন্ন ব্যক্তি, পেশাজীবী, শিক্ষক, ব্যবসায়ীসহ সাধারন জনগন খসড়া বাজেটটির উপর তাদের মতামত প্রকাশ করেন। সভায় ২০২৩-২০২৪ খ্রিঃ অর্থবছরের সংশোধিত বাজেটের উপর উপস্থিত ব্যক্তিগণের মধ্যে অনেকেই প্রশ্ন করেন। এবং এসব প্রশ্নের সঠিক সমাধান হয়।

পরে খসড়া বাজেটের বিভিন্ন খাতে বরাদ্দ পুনঃ ধার্য করে ইউপি সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত হয়।

নিম্নে ইউপি সভায় যে বাজেট উপস্থাপন করা হয় তা দেখানো হলোঃ

পরে উপস্থিত সকল সদস্যগন সভায় উল্লেখিত বাজেটটি চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা নির্বাহী অফিসার, বদরগঞ্জ, রংপুর মহোদয়ের বরাবরে প্রেরণ করার জন্য অত্র সভার ইউপি চেয়ারম্যান সাহেবকে অনুরোধ জানানো হয়।

অতঃপর সভার সভাপতি অত্র ইউপির সম্মানিত চেয়ারম্যান জনাব মোস্তাক আহমেদ চৌধুরী সাহেব তার সমাপনী বক্তব্যের মাধ্যমে সভা কার্যের সমাপ্তি ঘোষণা করেন।

মোস্তাক আহমেদ চৌধুরী
মোস্তাক আহমেদ চৌধুরী
চেয়ারম্যান
১২নং কুতুবপুর ইউনিয়ন পরিষদ
বদরগঞ্জ, রংপুর।
চেয়ারম্যান
১২নং কুতুবপুর ইউনিয়ন পরিষদ
বদরগঞ্জ, রংপুর।